



## দেশব্যাপী জুয়া-মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালিত হবে: স্বরাষ্ট্রমন্ত্রী



জাতীয় সংসদের অধিবেশনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহ উদ্দিন আহমদ। ছবি: সংগৃহীত

আগামী ৩০ এপ্রিলের পর থেকে জুয়া, অনলাইন জুয়া এবং মাদকের বিরুদ্ধে সারা দেশে সমন্বিত অভিযান শুরু হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, তরুণ সমাজকে রক্ষায় সরকার এসব অপরাধের বিরুদ্ধে কঠোর অবস্থানে রয়েছে এবং এটি নির্বাচনি প্রতিশ্রুতির অংশ।

সোমবার (২৭ এপ্রিল) জাতীয় সংসদের অধিবেশনে ৭১ বিধির নোটিশের জবাবে তিনি এ কথা জানান। অধিবেশনে রাজধানীর বিভিন্ন এলাকায় অবৈধ সিসা লাউঞ্জ বন্ধের বিষয়টি তোলা হলে মন্ত্রী জানান, সিসা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ‘খ’ শ্রেণিভুক্ত এবং এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা চলমান।

তিনি বলেন, রাজধানীসহ বিভিন্ন এলাকায় নিয়মিত অভিযান চালিয়ে সিসা ও ছুঁকা জব্দ করা হচ্ছে। এসব লাউঞ্জ যেন নাম বা স্থান পরিবর্তন করে আবার চালু হতে না পারে, সে জন্য গোয়েন্দা নজরদারি আরও জোরদার করা হয়েছে।

স্বরাষ্ট্রমন্ত্রী আরও জানান, বিট পুলিশিংয়ের মাধ্যমে ভবন মালিকদের সচেতন করা হচ্ছে এবং কোনো পুলিশ সদস্যের সম্পৃক্ততা পাওয়া গেলে তার বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে। শেষে তিনি বলেন, জুয়া, অনলাইন জুয়া ও মাদকের বিরুদ্ধে সরকারের নীতি ‘জিরো টলারেন্স’ এবং ৩০ এপ্রিলের পর শুরু হওয়া বিশেষ অভিযানে এসব অপরাধ দমনে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হবে।